



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/বরগুনা-১০৪/২৩৯

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৯  
২৯ নভেম্বর ২০২২

বিষয় : দেওয়ানী মোকাদ্দমা নং ৯৩/২০২১ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে  
সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর ই-ফাইলে নং ২৩৩২১১০০০৯২১ আইডির আবেদন;  
২। বামাশিবো/প্রশা/৬৭/বরগুনা-১০৪ তারিখ: ০২.০৬.২০২২ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বরগুনা জেলার তালতলী উপজেলাধীন কড়ইবাড়ীয়া দারুস সুন্নাত দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা সদস্য জনাব মো: মোফাজ্জল হোসাইন দীর্ঘদিন অবৈধভাবে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে কমিটিতে অন্তর্ভুক্ত হয়ে আসছেন মর্মে অভিভাবক সদস্য জনাব মো: মনিরুল ইসলাম কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়। অভিযোগে আরো উল্লেখ করা হয় মাদ্রাসাটি ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয় কিন্তু প্রতিষ্ঠাকালীন সময়ে কাউকে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে অন্তর্ভুক্ত না করা সত্ত্বেও জনাব মো: মোফাজ্জল হোসাইন দীর্ঘদিন অবৈধভাবে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে কমিটিতে অন্তর্ভুক্ত হয়ে আসছেন। অভিযোগের আলোকে মাদ্রাসাটি প্রতিষ্ঠা বিষয়ক জমির দলিল, রেজুলেশনসহ প্রতিষ্ঠাতা সংক্রান্ত প্রতিষ্ঠাকালীন যাবতীয় কাগজপত্র জমা দেওয়ার জন্য মাদ্রাসা প্রধান এবং প্রতিষ্ঠাতা দাবিদার মো: মোফাজ্জল হোসাইনকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের আলোকে প্রতিষ্ঠাতা সংক্রান্ত বিষয়ে মাদ্রাসার সুপার কর্তৃক কাগজপত্র জমা করা হয়েছে এবং আলাদা ভাবে প্রতিষ্ঠাতা দাবিদার মো: মোফাজ্জল হোসাইন কর্তৃক কাগজপত্র জমা দেওয়া হয়েছে। দাখিলকৃত কাগজপত্র যাচাই করে দেখা যায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ২ এর (জ) অনুযায়ী জনাব মো: মোফাজ্জল হোসাইন নিজেকে প্রতিষ্ঠাতা হিসাবে স্বপক্ষে কোন কাগজপত্র দাখিল করতে পারেননি। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এ রক্ষিত সংশ্লিষ্ট মাদ্রাসার নথি যাচাই করে প্রতিষ্ঠাকালীন কোন কাগজপত্রে প্রতিষ্ঠাতা হিসাবে জনাব মো: মোফাজ্জল হোসাইন এর নাম পাওয়া যায়নি। ১৫.০৭.১৯৮৯ ইং সালে এডহক কমিটির একটি সভার মাধ্যমে জনাব মো: মোফাজ্জল হোসাইনকে প্রতিষ্ঠাতা হিসাবে ঘোষণা দেওয়া হয়। অপরদিকে, প্রতিষ্ঠাতা সংক্রান্ত বিষয়ে জনাব মো: মোফাজ্জল হোসাইন কর্তৃক দায়েরকৃত আমতলী সহকারী জজ আদালত, বরগুনা এ দেওয়ানী মোকাদ্দমা ৯৩/২০২১ মামলা চলমান আছে।


বর্ণিত অবস্থায় দেওয়ানী মোকাদ্দমা নং ৯৩/২০২১ মামলাটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ পূর্বক বিজ্ঞ আদালতের সার্টিফাইড কপির মাধ্যমে মামলার সর্বশেষ অবস্থা ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৯.১১.২০২২

মো: সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার  
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

  
২৯.১১.২২


সুপার/ভারপ্রাপ্ত সুপার,  
কড়ইবাড়ীয়া দারুস সুন্নাত দাখিল মাদ্রাসা,  
পো: কড়ইবাড়ীয়া, তালতলী, বরগুনা;

নং-বামাশিবো/প্রশা/বরগুনা-১০৪/২৩৯


তারিখ: ১৪ কার্তিক ১৪২৯  
২৯ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বরগুনা;
২. জেলা শিক্ষা অফিসার, বরগুনা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আমতলী, বরগুনা;
৫. জনাব মো: মোফাজ্জল হোসাইন (প্রতিষ্ঠাতা দাবিদার), তালতলী, বরগুনা;
৬. জনাব মো: মনিরুল ইসলাম (অভিযোগকারী), গ্রাম: মৌপাড়া, পো: ছোটবগী, তালতলী, বরগুনা;
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

  
মো: ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

  
২৯.১১.২২